



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২০.৫৬

তারিখ: ২১ মাঘ ১৪৩০

০৪ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১২৮৯৭/২০২৩) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তি রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ, পদোন্নয়ন (আপগ্রেডেশন) ও পদায়ন নীতিমালা, ২০২২' এর ২.১(ঘ) ধারা, ১৯.০৯.২০২৩ তারিখে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত নং: ১(ঘ) পরিবর্তন এবং 'পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা'য় পরিবর্তনের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

| ক্র: নং | রিট পিটিশনের | | বাদীর নাম ও ঠিকানা | বিবাদীগণ | পরিচালনা কর্তৃপক্ষ |
|---------|--------------|--|---|--|-------------------------------------|
| | নম্বর | বিষয় | | | |
| ১ | ১২৮৯৭/২০২৩ | রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ, পদোন্নয়ন (আপগ্রেডেশন) ও পদায়ন নীতিমালা, ২০২২' এর ২.১(ঘ) ধারা, ১৯.০৯.২০২৩ তারিখে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত নং: ১(ঘ) পরিবর্তন এবং 'পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা'য় পরিবর্তন সংক্রান্ত। | জনাব মো: আব্দুল আওয়াল, পিতা: মো: হাবিবুর রহমান, গ্রাম: কাঁঠালবাড়িয়া, থানা: নাটোর সদর, জেলা: নাটোর। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ মোট ০৫(পাঁচ) জন। | রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয় |

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং-১২৮৯৭/২০২৩ মামলার আদেশ/রায়ের আলোকে বাদীর আবেদন বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে মহামান্য হাইকোর্ট বিভাগ এবং এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৪-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

রেজিস্ট্রার


রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২০.৫৬/১(৫)

তারিখ: ২১ মাঘ ১৪৩০
০৪ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



৪-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব